গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বোয়ালমারী, ফরিদপুর।
www.boalmari.faridpur.gov.bd

স্মারক নং-০৫.১২.২৯১৮.০০১.০১৭.২১- ৬৮৫

তারিখ: ২৭/০৪/২০২২ খ্রি.

**ফরিদপুর জেলাধীন বোয়ালমারী উপজেলার আইন-শৃংশলা কমিটির এপ্রিল/২০২২ মাসের সভার কার্যবিবরণী:**

সভাপতি : জনাব মোঃ রেজাউল করিম, উপজেলা নির্বাহী অফিসার, বোয়ালমারী, ফরিদপুর।
স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন, বোয়ালমারী, ফরিদপুর।
তারিখ : ২৭ এপ্রিল/২০২২ খ্রি.।
সময় : বেলা ১০.৩০ ঘটিকা।

**সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক'**

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি উপজেলা আইন-শৃংখলা কমিটির উপস্থিত সদস্যগণকে উন্মুক্ত আলোচনা করার জন্য আহবান করেন।

| ক্র:নং | আলোচনার বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ২.১ | **উপজেলার অপরাধ চিত্র পর্যালোচনা:** বোয়ালমারী থানা প্রতিনিধি বলেন যে, বোয়ালমারী আইন-শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক। মাদক, বাল্য বিবাহ, যৌতুক, নারী নির্যাতন ও অন্যান্য অপরাধ দমনে কার্যক্রম রয়েছে। | (ক) বোয়ালমারী আইন-শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে মাদক, বাল্য বিবাহ, যৌতুক, নারী নির্যাতন ও অন্যান্য অপরাধ দমনে কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, বোয়ালমারী, ফরিদপুর।<br>২। সহকারী কমিশনার (ভূমি), বোয়ালমারী, ফরিদপুর।<br>৩। উপজেলা কৃষি কর্মকর্তা, বোয়ালমারী, ফরিদপুর।<br>৪। অফিসার ইন-চার্জ, বোয়ালমারী, ফরিদপুর।<br>৫। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান।<br>৬। সংশ্লিষ্ট ব্যক্তি/প্রতিষ্ঠান। |
| ২.২ | **বাল্য বিবাহ:** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বলেন যে, বাল্য বিবাহ একটি অপরাধমূলক ভাইরাস। এর থেকে নতুন নতুন সমস্যার উদ্ভব হয়। বাল্যবিবাহের বিষয়ে বলেন যে, ইউনিয়ন পর্যায় হতে শুরু করে উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে যে সব বাল্য বিবাহের তথ্য পাওয়া যায় তাৎক্ষনিকভাবে সে বিষয়ে নিয়ন্ত্রণের ব্যবস্থা করা হয় এবং বিভিন্ন ট্রেনিং ও সেমিনারের মাধ্যমেও সকলকে সচেতন করা হয়। এ বিষয়ে সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানসহ মেম্বারদের খোঁজখবর রাখাসহ সঠিক সময়ে তথ্য প্রদানের জন্য অনুরোধ করেন। | কোনভাবেই বাল্য বিবাহ সংগঠিত হতে দেয়া যাবে না মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, বোয়ালমারী, ফরিদপুর।<br>২। অফিসার ইন-চার্জ, বোয়ালমারী, ফরিদপুর।<br>৩। সহকারী কমিশনার (ভূমি), বোয়ালমারী, ফরিদপুর।<br>৪। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা।<br>৫। ইউপি চেয়ারম্যান (সকল)।<br>৬। ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, বোয়ালমারী।<br>৭। সকল ইউপি সদস্য ও গ্রাম পুলিশ। |
| ২.৩ | **উপজেলা চেয়ারম্যানের বক্তব্য:** চেয়ারম্যান উপজেলা পরিষদ, বোয়ালমারী বলেন যে, বর্তমানে বোয়ালমারী উপজেলায় আইন-শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। তবে কিছু বিচ্ছিন্ন ঘটনা যেমন ইউনিয়ন পর্যায়ে মারামারির মতো ঘটনা ঘটতে দেখা যাচ্ছে। বিশেষ করে পরমেশ্বরদী ইউনিয়নে বর্তমানে প্রায়ই মারামারির ঘটনা ঘটছে। এ বিষয়ে দলমত নির্বিশেষে নিরপেক্ষভাবে কাজ করার জন্য ইউপি চেয়ারম্যানদের আহবান জানান। তিনি এ বিষয় নিয়ন্ত্রণে ভারপ্রাপ্ত কর্মকর্তাসহ সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানের কার্যকরী ভূমিকা পালনের জন্য অনুরোধ জানান। | মারামারি ঠেকাতে দলমত নির্বিশেষে নিরপেক্ষভাবে কাজ করার জন্য ইউপি চেয়ারম্যানদের আহবান জানানো হয়। এ বিষয় নিয়ন্ত্রণে ভারপ্রাপ্ত কর্মকর্তাসহ সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানের কার্যকরী ভূমিকা পালনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। ভারপ্রাপ্ত কর্মকর্তা, বোয়ালমারী থানা, বোয়ালমারী, ফরিদপুর।<br>২। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান (সকল), বোয়ালমারী, ফরিদপুর। |
| ২.৪ | **সভায় উপস্থিতি:** সভাপতি বলেন, ইতোপূর্বে মাসিক আইন-শৃংখলা কমিটিতে সকল সদস্যদের উপস্থিতির বিষয়ে আলোচনা হয়েছে। কিন্তু আলোচনার প্রেক্ষিতে যথাসময়ে উপস্থিতির হার তেমন লক্ষণীয় নয়। এ বিষয়ে তিনি সকলের আন্তরিক উপস্থিতি কামনা করেন। | মাসিক আইন-শৃংখলা কমিটিতে সকল সদস্যদের উপস্থিতি নিশ্চিত করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। মাসিক আইন-শৃংখা কমিটির সকল সদস্য। |

| | | | |
|---|---|---|---|
| ২.৫ | রাস্তার পাশে মরা গাছ অপসারণ: সভাপতি বলেন, বিভিন্ন ইউনিয়ন থেকে ইউপি সদস্য কর্তৃক রাস্তার ধারে মরা গাছ অপসারণের জন্য বলা হচ্ছে। এ বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের নিমিত্ত ইউপি চেয়ারম্যান কর্তৃক লিখিত আবেদন দেওয়ার জন্য অনুরোধ করেন। মরা গাছ অপসারণের প্রয়োজনীয়তা উল্লেখ করে সর্বস্তরের জনগণের নিকট হতে গণস্বাক্ষরসহ উপজেলা নির্বাহী অফিসার বরাবরে আবেদন করার জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানদের অনুরোধ জানানো হয়। | বিভিন্ন ইউনিয়ন থেকে রাস্তার ধারে মরা গাছ অপসারণের জন্য ইউপি চেয়ারম্যান কর্তৃক লিখিত আবেদন এবং মরা গাছ অপসারণের প্রয়োজনীয়তা উল্লেখ করে সর্বস্তরের জনগণের নিকট হতে গণস্বাক্ষরসহ উপজেলা পর্যায়ে আবেদন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান (সকল), বোয়ালমারী, ফরিদপুর। |
| ২.৬ | ভারপ্রাপ্ত কর্মকর্তা, বোয়ালমারী: ভারপ্রাপ্ত কর্মকর্তা, বোয়ালমারী বলেন যে, প্রথমত অত্র উপজেলার আইন-শৃংখলা পরিস্থিতি ভালো রাখার দায়িত্ব সকলের। চেয়ারম্যানদের উদ্দেশ্যে বলেন, নির্বাচিত হওয়ার পর প্রত্যেকে ইউপি চেয়ারম্যানের গুরু দায়িত্ব হলো দলমত নির্বিশেষে সকলের চেয়ারম্যান হয়ে দেশের জন্য, জনগণের জন্য কাজ করা। ইদানিং অত্র উপজেলার পশ্চিম সীমান্তবর্তী মাগুরা জেলার মুহম্মদপুর উপজেলার সাথে অত্র উপজেলার সংযোগ সড়কগুলোর মাধ্যমে মাদকের সরবরাহ আসছে এবং মাদক অত্র উপজেলার সর্বত্র ছড়িয়ে পড়ছে। এ বিষয়ে সকলের সচেতনতাসহ তথ্য দিয়ে সহযোগিতা করার জন্য অনুরোধ জানান। তিনি বলেন, আইন-শৃংখলা ভালো রাখতে আমরা সকলে মিলেমিশে কাজ করলে এবং আমরা যদি যথাযথভাবে জনগণের সেবক হয়ে কাজ করি, তবে দেশ ও জনগণের উপকার হবে। আইন-শৃংখলা পরিস্থিতি ভালো রাখতে ভারপ্রাপ্ত কর্মকর্তা, বোয়ালমারী থানা, বোয়ালমারীর পক্ষ হতে সর্বোচ্চ সহযোগিতার আশ্বাস প্রদান করেন। আইন-শৃংখলা পরিস্থিতি ভালো রাখতে ইউপি চেয়ারম্যানসহ সর্বস্তরের জনগণের সহযোগিতা কামনা করেন। | অত্র উপজেলার আইন-শৃংখলা পরিস্থিতি ভালো রাখতে প্রত্যেক চেয়ারম্যানের দলমত নির্বিশেষে সকলের চেয়ারম্যান হয়ে দেশেরে জন্য, জনগণের জন্য কাজ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>মাদকের বিষয়ে সকলের সচেতনতাসহ তথ্য দিয়ে সহযোগিতা করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। অফিসার ইন-চার্জ, বোয়ালমারী।<br>১। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান। |
| ২.৭ | সহকারী কমিশনার (ভূমি): সহকারী কমিশনার (ভূমি), বোয়ালমারী অত্র উপজেলার বর্তমানে স্কুল পড়ুয়া ছেলে-মেয়েদের বিষয়ে বলেন, সন্ধার পর রাস্তা-ঘাটে, শিক্ষা প্রতিষ্ঠানসহ বিভিন্ন যায়গায় স্কুল পড়ুয়া ছেলে-মেয়েরা বাইরে মোবাইল ফোন নিয়ে গেম খেলে, বা অহেতুক সময় নষ্ট করে যা পড়ালেখা থেকে এইসব ছেলে-মেয়েদের অমনোযোগী করে তুলছে। এরকম পরিস্থিতি চলতে থাকলে ছেলে-মেয়েরা মাদকাসক্তিসহ বিভিন্ন খারাপ কাজের সাথে জড়িত হবে। এ বিষয়ে পরিত্রাণের উপায় হিসাবে সর্বপ্রথম বাবা-মাকে সর্তক হওয়ার জন্য বিশেষভাবে তাগিদ প্রদান করেন। তিনি বলেন, বাবা-মা যদি সজাগ হয় এবং সন্ধ্যার পর ছেলে-মেয়েদের খোঁজ-খবর সঠিকভাবে রাখেন, তবে এ সমস্যা অনেকাংশে কমানো সম্ভব। মাদকের বিষয়ে তিনি বলেন, যারা মাদক সেবক এবং সরবরাহকারী তারা সংখ্যায় গুটিকয়েক। এদের সম্মিলিত প্রচেষ্টায় প্রতিহত করলে সমাজ থেকে মাদক দূর করা সম্ভব। এছাড়াও মাদকের বিষয়ে তাৎক্ষণিক তথ্য দিলে দ্রুত পদক্ষেপ নেওয়ার বিষয়ে মত প্রকাশ করেন। | স্কুল পড়ুয়া ছেলে-মেয়েরা যাতে সন্ধার পর রাস্তা-ঘাটে, শিক্ষা প্রতিষ্ঠানসহ বিভিন্ন যায়গায় মোবাইল ফোন নিয়ে গেম খেলতে বা অযথা সময় নষ্ট না করতে পারে সে বিষয়ে বাবা-মাসহ সকলের সহযোগিতার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত। যারা মাদক সেবক এবং সরবরাহকারী এদের সম্মিলিত প্রচেষ্টায় প্রতিহত করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। অফিসার ইন-চার্জ, বোয়ালমারী।<br>১। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান।<br>৩। সহকারী কমিশনার (ভূমি), বোয়ালমারী, ফরিদপুর। |
| ২.৮ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা: উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা বলেন তাদের একটি টিম করোনা টিকাদান কার্যক্রমের সাথে রয়েছে। এছাড়া উপজেলা আইন-শৃংখলা পরিস্থিতি ভালো রাখতে উপজেলা নির্বাহী অফিসার, বোয়ালমারী, ফরিদপুর কর্তৃক নির্দেশিত সমস্ত ধরণের দায়িত্ব পালনে সদা প্রস্তুত রয়েছেন মর্মে জানান। এ বিষয়ে সকল ইউপি চেয়ারম্যানদের সহযোগিতা কামনা করেন। | আইন-শৃংখলাসহ যে কোন সরকারি গুরুত্বপূর্ণ কাজে আনসার ও ভিডিপি বাহিনীর সহযোগিতা অব্যাহত রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, বোয়ালমারী, ফরিদপুর।<br>২। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান। |
| ২.৯ | চেয়ারম্যান ঘোষপুর: নব নির্বাচিত চেয়ারম্যান ঘোষপুর বলেন, ইউনিয়নের ক্র: নং ব্যবহার করে যেন কোন ইউনিয়ন পরিষদের প্যাড ইউপি সদস্য কর্তৃক ব্যবহার করা না হয় সে দিকে সকলের দৃষ্টি আকর্ষন করেন। | ইউনিয়ন পরিষদের ক্র: নং ব্যবহার করে যেন কোন ইউনিয়ন পরিষদের প্যাড ইউপি সদস্য কর্তৃক ব্যবহার করা না হয় সে বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান (সকল)।<br>২। সকল ইউপি সদস্য (বোয়ালমারী)। |
| ২.১০ | চেয়ারম্যান পরমেশ্বরদী: চেয়ারম্যান পরমেশ্বরদী বলেন যে, তার ইউনিয়নে চুরির ঘটনা গত মাসের চেয়ে এ মাসে অনেক কমেছে। | চুরি নির্বাপনে থানার সহযোগিতা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। অফিসার ইন-চার্জ, বোয়ালমারী। |

| | | | |
|---|---|---|---|
| | তিনি উল্লেখ করেন, ভারপ্রাপ্ত কর্মকর্তা, বোয়ালমারী-কে এ বিষয়ে পদক্ষেপ নেওয়ার জন্য অনুরোধ করার পর পরিস্থিতি বর্তমানে ভালো আছে। | | |
| ২.১১ | চেয়ারম্যান সাতৈর: চেয়ারম্যান সাতৈর বলেন, গতে মাসে তার ইউনিয়নের বেড়াদী গ্রামে মাঠের ফসল পুড়ানোর মতো অনেক গুলো ঘটনা ঘটেছে। তবে এ মাসে এ ধরনের ঘটনা আর ঘটেনি। সাতৈর ইউনিয়নের আইন-শৃংখলা পরিস্থিতি বর্তমানে স্বাভাবিক রয়েছে। অত্র উপজেলার আইন-শৃংখলা পরিস্থিতি ভালো রাখতে ভারপ্রাপ্ত কর্মকর্তা, বোয়ালমারী, ফরিদপুর এর সহযোগিতা কামনা করেন। | অত্র উপজেলার আইন-শৃংখলা পরিস্থিতি ভালো রাখতে ভারপ্রাপ্ত কর্মকর্তা, বোয়ালমারী, ফরিদপুর এর তদারকি বারানোর বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। অফিসার ইন-চার্জ, বোয়ালমারী।<br>১। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান (সকল)। |
| ২.১২ | করোনা: জনাব এম এম মোশাররফ হোসেন, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোয়ালমারী, ফরিদপুর জনগণকে মাস্ক ব্যবহারে উৎসাহিত করার জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানসহ সকল জনপ্রতিনিধিকে বিভিন্ন ধরণের সচেতনতামূলক প্রচারণা অব্যাহত রাখার অনুরোধ জানান।<br>সভাপতি উপজেলা নির্বাহী অফিসার, জনাব মোঃ রেজাউল করিম বলেন, সকল শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক, ছাত্র-ছাত্রীদের মাস্ক ব্যবহারসহ স্বাস্থ্যসেবা নিশ্চিত করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা শিক্ষা অফিসার ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারসহ সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে অনুরোধ জানান। সভাপতি বলেন, বর্তমানে করোনার প্রাদুর্ভাব বেড়ে যাওয়ায় সংশ্লিষ্ট সকল শিক্ষার্থীকে করোনার টিকার বিষয়টি নিশ্চিত করতে হবে। এ বিষয়টি কার্যকর করতে উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা এবং উপজেলা শিক্ষা অফিসার ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারসহ সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে অনুরোধ জানান। | করোনার প্রাদুর্ভাব ঠেকানোর জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানসহ সকল জনপ্রতিনিধিকে বিভিন্ন ধরণের জনসচেতনতামূকল প্রচারণা অব্যাহত রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়াও সকল শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক, প্রযোজ্য ছাত্র-ছাত্রীদের করোনা টিকা, মাস্ক ব্যবহারসহ স্বাস্থ্যসেবা নিশ্চিত করার বিষয়েপ্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। প্রয়োজনে করোনা বিধি ও এ সাংক্রান্ত সরকারি নির্দেশনা লঙ্ঘনকারীদের বিরুদ্ধে মোবাইল কোর্ট পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, বোয়ালমারী, ফরিদপুর।<br>২। উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা<br>৩। উপজেলা সহকারী মাধ্যমিক শিক্ষা অফিসার, বোয়ালমারী, ফরিদপুর।<br>৪। উপজেলা শিক্ষা অফিসার, বোয়ালমারী, ফরিদপুর।<br>৫। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান।<br>৬। সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান। |
| ২.১৩ | (ক) উপজেলা নির্বাহী অফিসার, ইউপি চেয়ারম্যান ও অন্যান্য সদস্যগণ মত প্রকাশ করেন যে, সাম্প্রতিক সময়ে দেখা যাচ্ছে যে, উপজেলার বিভিন্ন ইউনিয়নে সরকারি জমি, কৃষি বা আবাদযোগ্যসহ অন্যান্য জমির মাটি এবং খাল বা নদী খননের ফলে উত্তোলিত ও পাড়ে জমিয়ে রাখা সরকারি মাটি ভেকু/ড্রেজার দিয়ে কেটে জমি বিনষ্ট/সরকারি স্বার্থ ক্ষুণ্ণ করা হচ্ছে। কৃষির উৎপাদন দিন দিন হ্রাস পাচ্ছে। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন ছাড়া এসব হচ্ছে।<br>(খ) সভায় উপজেলা বন কর্মকর্তা উল্লেখ করেন যে, সরকারি জমি থেকে অবৈধভাবে গাছ কাটা হচ্ছে। এ বিষয়ে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণের অনুরোধ কানান। | (ক) সরকারি জমি, কৃষি বা আবাদযোগ্যসহ অন্যান্য জমির এবং খাল বা নদী খননের ফলে উত্তোলিত ও পাড়ে জমিয়ে রাখা সরকারি মাটি যথাযথ কর্তৃপক্ষের বিনা অনুমতিতে না কাটার জন্য সকলকে সতর্ক করা হয় ও সিদ্ধান্ত গৃহীত হয়। বোয়ালমারীতে ক্রমবর্ধমান এই অপরাধ নিরসনে অবৈধ মাটি উত্তোলনকারী, ভেকু ও মাটি পরিবহনে ব্যবহৃত যান মালিকগণকে সতর্ক করা হলো। প্রয়োজনে সময়ে সময়ে মোবাইল কোর্টের মাধ্যমে এরুপ অবৈধভাবে মাটি উত্তোলন ও সহযোগিতার বিরুদ্ধে দৃষ্টান্তমূলক ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) সরকারি জমি হতে গাছ কর্তনকারীদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত সংশ্লিষ্ট সকলকে নিজ নিজ অবস্থান থেকে কর্যকর পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, বোয়ালমারী, ফরিদপুর।<br>২। সহকারী কমিশনার (ভূমি), বোয়ালমারী, ফরিদপুর।<br>৩। উপজেলা কৃষি কর্মকর্তা, বোয়ালমারী, ফরিদপুর।<br>৪। অফিসার ইন-চার্জ, বোয়ালমারী, ফরিদপুর।<br>৫। উপজেলা বন কর্মকর্তা, বোয়ালমারী, ফরিদপুর।<br>৬। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান (সকল)।<br>৭। ইউপি সচিব (সকল), বোয়ালমারী, ফরিদপুর।<br>৮। ইউএলএও (সকল), বোয়ালমারী, ফরিদপুর।<br>৯। সংশ্লিষ্ট ব্যক্তি/প্রতিষ্ঠাণ।<br>১০। উপজেলা বন কর্মকর্তা, বোয়ালমারী, ফরিদপুর। |

| | | | |
|---|---|---|---|
| ২.১৪ | বিবিধ: সভাপতি পরমেশ্বরদী ইউনিয়নের সাম্প্রতিক মারামারির ঘটনা উল্লেখ করে বলেন, একজন ইউনিয়নের চেয়ারম্যান ঐ ইউনিয়নের জনগণের আস্থার জায়গা। জনগণ তাদের ভালো মন্দের সময়গুলোতে জন প্রতিনিধিদের তাদের পাশে চায়। সে ক্ষেত্রে চেয়ারম্যানদের উচিত হবে দলমত নির্বিশেষে উপস্থিত পরিস্থিতি সামাল দেওয়া। তিনি বলেন প্রথমত সার্বিক আইন-শৃংখলা পরিস্থিতি ভালো রাখার গুরুত্বপূর্ণ দায়িত্ব সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানের। অত্র উপজেলায় এ ধরণের বড় কোন মারামারির ঘটনা যাতে আর না ঘটে সে বিষয়ে সজাগ দৃষ্টি রাখতে ভারপ্রাপ্ত কর্মকর্তা, বোয়ালমারী থানা এবং সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানদের অনুরোধ করেন। | পরমেশ্বরদী ইউনিয়নের সাম্প্রতিক মারামারির ঘটনা যাতে আর না ঘটে সে বিষয়ে ভারপ্রাপ্ত কর্মকর্তা, বোয়ালমারী থানা এবং সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানদের সজাগ দৃষ্টি রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। অফিসার ইন-চার্জ, বোয়ালমারী, ফরিদপুর। ২। ২। চেয়ারম্যা, ইউনিয়ন পরিষদ (সকল)। |

অত:পর সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ রেজাউল করিম) 27/4/22
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
মাসিক আইন-শৃংখলা কমিটি
বোয়ালমারী, ফরিদপুর।

স্মারক নং-০৫.১২.২৯১৮.০০১.০১৭.২১- ৬৮৫/১(৭)
অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণা করা হলো।

তারিখ : ২৭/০৪/২০২২ খ্রি.

০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ফরিদপুর-১।
০২। বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, ফরিদপুর।
০৩। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ফরিদপুর।
০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোয়ালমারী, পরিদপুর।
০৫। উপজেলা.............................................................. অফিসার, বোয়ালমারী, ফরিদপুর।
০৬। ইউপি চেয়ারম্যান (সকল), বোয়ালমারী, ফরিদপুর।
০৭। জনাব ............................................................... বোয়ালমারী, ফরিদপুর।

27/4/22
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
মাসিক আইন-শৃংখলা কমিটি
বোয়ালমারী, ফরিদপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বোয়ালমারী, ফরিদপুর।
www.boalmari.faridpur.gov.bd

স্মারক নং-০৫.১২.২৯১৮.০০১.০১৭.২১- ৪৬/১ তারিখঃ ২৭/০১/২০২২ খ্রি.

## ফরিদপুর জেলাধীন বোয়ালমারী উপজেলার আইন-শৃংশলা কমিটির জানুয়ারী/২০২২ মাসের সভার কার্যবিবরণী:

সভাপতি : জনাব মোঃ রেজাউল করিম, উপজেলা নির্বাহী অফিসার, বোয়ালমারী, ফরিদপুর।
স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন, বোয়ালমারী, ফরিদপুর।
তারিখ : ২৭ জানুয়ারী/২০২২ খ্রি.।
সময় : বেলা ১০.৩০ ঘটিকা।

**সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক'**

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি উপজেলা আইন-শৃংখলা কমিটির উপস্থিত সদস্যগণকে উন্মুক্ত আলোচনা করার জন্য আহবান করেন।

| ক্র:নং | আলোচনার বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ২.১ | উপজেলার অপরাধ চিত্র পর্যালোচনা:<br>বোয়ালমারী থানা প্রতিনিধি বলেন যে, বোয়ালমারী আইন-শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক। মাদক, বাল্য বিবাহ, যৌতুক, নারী নির্যাতন ও অন্যান্য অপরাধ দমনে কার্যক্রম রয়েছে। | (ক) বোয়ালমারী আইন-শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে মাদক, বাল্য বিবাহ, যৌতুক, নারী নির্যাতন ও অন্যান্য অপরাধ দমনে কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, বোয়ালমারী, ফরিদপুর।<br>২। সহকারী কমিশনার (ভূমি), বোয়ালমারী, ফরিদপুর।<br>৩। উপজেলা কৃষি কর্মকর্তা, বোয়ালমারী, ফরিদপুর।<br>৪। অফিসার ইন-চার্জ, বোয়ালমারী, ফরিদপুর।<br>৫। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান।<br>৬। সংশ্লিষ্ট ব্যক্তি/প্রতিষ্ঠাণ। |
| ২.২ | **বাল্য বিবাহ:** সভায় সভাপতি বলেন যে, বাল্য বিবাহ একটি অপরাধমূলক ভাইরাস। এর থেকে নতুন নতুন সমস্যার উদ্ভব হয়। বাল্যবিবাহের বিষয়ে বলেন যে, কোন সুনির্দিষ্ট অভিযোগ না পাওয়ায় প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হম্ভব হয় না। এ বিষয়ে সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানসহ মেম্বারদের খোঁজখবর রাখাসহ সঠিক সময়ে তথ্য প্রদানের জন্য অনুরোধ করেন। বাল্যবিবাহ রোধ কল্পে জনপ্রতিনিধিদের বাল্য বিবাহের কুফল সম্পর্কে জনসচেতনতামূলক সভা করে জনগণকে সচেতন করে তুলতে হবে মর্মে জানান। | কোনভাবেই বাল্য বিবাহ সংগঠিত হতে দেয়া যাবে না মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, বোয়ালমারী, ফরিদপুর।<br>২। অফিসার ইন-চার্জ, বোয়ালমারী, ফরিদপুর।<br>৩। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা।<br>৪। ইউপি চেয়ারম্যান (সকল)।<br>৫। ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, বোয়ালমারী।<br>৬। সকল ইউপি সদস্য ও গ্রাম পুলিশ। |
| ২.৩ | **উপজেলা চেয়ারম্যানের বক্তব্য:** চেয়ারম্যান উপজেলা পরিষদ, বোয়ালমারী বলেন যে, বর্তমানে বোয়ালমারী উপজেলায় আইন-শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। তবে করোনা পরিস্থিতি খারাপ হওয়ায় সকলকে স্বাস্থ্য বিধি মেনে মাস্ক পরিধানসহ গণজমায়েত এড়িয়ে চলার জন্য সকলের দৃষ্টি আকর্ষণ করেন। | আইন-শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে ভারপ্রাপ্ত কর্মকর্তা, বোয়ালমারী-কে কঠোর নজরদারী রাখার জন্য অনুরোধ করা হয়। করোনা পরিস্থিতি খারাপ হওয়ায় সকলকে স্বাস্থ্য বিধি মেনে মাস্ক পরিধানসহ গণজমায়েত এড়িয়ে চলার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। ভারপ্রাপ্ত কর্মকর্তা, বোয়ালমারী থানা, বোয়ালমারী, ফরিদপুর।<br>৩। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান (সকল), বোয়ালমারী, ফরিদপুর। |
| ২.৪ | **মাদক:** বোয়ালমারী থানা প্রতিনিধি উল্লেখ করেন যে, ইদানিং অত্র উপজেলার পশ্চিম সীমান্তবর্তী মাগুরা জেলার মুহাম্মদপুর উপজেলার সাথে অত্র উপজেলার সংযোগ সড়কগুলোর মাধ্যমে মাদকের সরবরাহ আসছে এবং মাদক অত্র উপজেলার সর্বত্র ছড়িয়ে পড়ছে। এজন্য এলাকায় আইন-শৃংখলা বাহিনীর নজরদারী বৃদ্ধির | অত্র উপজেলার সাথে মুহাম্মদপুর উপজেলার সংযোগ সড়কগুলোতে নজরদারী বৃদ্ধির পাশাপাশি সাঁড়াশি অভিযান পরিচালনার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। অফিসার ইন-চার্জ, বোয়ালমারী।<br>২। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান। |

| | | | |
|---|---|---|---|
| | পাশাপাশি সাঁড়াশি অভিযান পরিচালনার বিষয়ে মত প্রকাশ করেন। | | |
| ২.৫ | **করোনা:** জনাব এম এম মোশাররফ হোসেন, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোয়ালমারী, ফরিদপুর জনগণকে মাস্ক ব্যবহারে উৎসাহিত করার জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানসহ সকল জনপ্রতিনিধিকে বিভিন্ন ধরণের সচেতনতামূলক প্রচার অব্যাহত রাখার অনুরোধ জানান।<br>সভাপতি উপজেলা নির্বাহী অফিসার, জনাব মোঃ রেজাউল করিম সকল শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক, ছাত্র-ছাত্রীদের মাস্ক ব্যবহারসহ স্বাস্থ্যসেবা নিশ্চিত করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা শিক্ষা অফিসার ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারসহ সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে অনুরোধ জানান। সভাপতি বলেন, বর্তমানে করোনার প্রাদুর্ভাব বেড়ে যাওয়ায় সকল শিক্ষার্থীকে করোনার টিকার বিষয়টি নিশ্চিত করতে হবে। এ বিষয়টি কার্যকর করতে উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা এবং উপজেলা শিক্ষা অফিসার ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারসহ সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে অনুরোধ জানান। | করোনার প্রাদুর্ভাব ঠেকানোর জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানসহ সকল জনপ্রতিনিধিকে বিভিন্ন ধরণের জনসচেতনতামূকল প্রচার অব্যাহত রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়াও সকল শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক, ছাত্র-ছাত্রীদের করোনা টিকা, মাস্ক ব্যবহারসহ স্বাস্থ্যসেবা নিশ্চিত করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। প্রয়োজনে করোনা বিধি ও এ সাংক্রান্ত সরকারি নির্দেশনা লঙ্ঘনকারীদের বিরুদ্ধে মোবাইল কোর্ট পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, বোয়ালমারী, ফরিদপুর।<br>২। উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা<br>৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বোয়ালমারী, ফরিদপুর।<br>৪। উপজেলা শিক্ষা অফিসার, বোয়ালমারী, ফরিদপুর।<br>৫। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান।<br>৬। সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান। |
| ২.৬ | **যানজট:** সভায় সভাপতি জানান যে, বোয়ালমারী বাজারস্থ চৌরাস্তার পাশে অটো, বাইক, বাস এবং অস্থায়ী দোকানপাট থাকার কারণে যানজট তৈরি হয়। ফলে জনগণ ভোগান্তির শিকার হয়। বিষয়টির উপর গুরুত্বারোপ করে যানজট নিরসনে বোয়ালমারী বাজারস্থ চৌরাস্তার পাশে অটো, হোন্ডা, বাসসহ অস্থায়ী দোকানপাট না রাখার জন্য অনুরোধ জানান। | যানজট নিরসনে বোয়ালমারী বাজারস্থ চৌরাস্তার পাশে অটো, হোন্ডা, বাসসহ অস্থায়ী দোকানপাট না রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়াও সময়ে সময়ে মোবাইল কোর্ট পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। মেয়র, পৌরসভা, বোয়ালমারী, ফরিদপুর।<br>২। সহকারী কমিশনার (ভূমি), বোয়ালমারী, ফরিদপুর।<br>৩। অফিসার ইন-চার্জ, বোয়ালমারী। |
| ২.৭ | **সভায় উপস্থিতি:** ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোয়ালমারী, ফরিদপুর বলেন যে, সংশ্লিষ্ট কর্মকর্তাগণ, কমিটির গুরুত্বপূর্ণ সদস্য বিধায় উপজেলা আইন-শৃংখলা কমিটির সভায় তাদের সশরীর উপস্থিতি প্রয়োজন। | উপজেলা আইন-শৃংখলা কমিটির সভায় সকল কর্মকর্তা সদস্যগণকে উপস্থিত থাকার বিষয়ে অনুরোধ করা হয়। | ১। সকল সদস্য, উপজেলা আইন-শৃঙখলা কমিটি, বোয়ালমারী।<br>২। আইন-শৃংখলা কমিটির অন্যান্য সকল সদস্য। |
| ২.৮ | (ক) উপজেলা নির্বাহী অফিসার, ইউপি চেয়ারম্যান ও অন্যান্য সদস্যগণ মত প্রকাশ করেন যে, সাম্প্রতিক সময়ে দেখা যাচ্ছে যে, উপজেলার বিভিন্ন ইউনিয়নে সরকারি জমি, কৃষি বা আবাদযোগ্যসহ অন্যান্য জমির মাটি এবং খাল বা নদী খননের ফলে উত্তোলিত ও পাড়ে জমিয়ে রাখা সরকারি মাটি ভেকু/ড্রেজার দিয়ে কেটে জমি বিনষ্ট/সরকারি স্বার্থ ক্ষুণ্ন করা হচ্ছে। কৃষির উৎপাদন দিন দিন হ্রাস পাচ্ছে। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন ছাড়া এসব হচ্ছে।<br>(খ) সভায় উপজেলা বন কর্মকর্তা উল্লেখ করেন যে, সরকারি জমি থেকে অবৈধভাবে গাছ কাটা হচ্ছে। এ বিষয়ে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণের অনুরোধ কানান। | (ক) সরকারি জমি, কৃষি বা আবাদযোগ্যসহ অন্যান্য জমির এবং খাল বা নদী খননের ফলে উত্তোলিত ও পাড়ে জমিয়ে রাখা সরকারি মাটি যথাযথ কর্তৃপক্ষের বিনা অনুমতিতে না কাটার জন্য সকলকে সতর্ক করা হয় ও সিদ্ধান্ত গৃহীত হয়। বোয়ালমারীতে ক্রমবর্ধমান এই অপরাধ নিরসনে অবৈধ মাটি উত্তোলনকারী, ভেকু ও মাটি পরিবহনে ব্যবহৃত যান মালিকগণকে সতর্ক করা হলো। প্রয়োজনে সময়ে সময়ে মোবাইল কোর্টের মাধ্যমে এরূপ অবৈধভাবে মাটি উত্তোলন ও সহযোগিতার বিরুদ্ধে দৃষ্টান্তমূলক ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) সরকারি জমি হতে গাছ কর্তনকারীদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত সংশ্লিষ্ট সকলকে নিজ নিজ অবস্থান থেকে কর্যকর পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, বোয়ালমারী, ফরিদপুর।<br>২। সহকারী কমিশনার (ভূমি), বোয়ালমারী, ফরিদপুর।<br>৩। উপজেলা কৃষি কর্মকর্তা, বোয়ালমারী, ফরিদপুর।<br>৪। অফিসার ইন-চার্জ, বোয়ালমারী, ফরিদপুর।<br>৫। উপজেলা বন কর্মকর্তা, বোয়ালমারী, ফরিদপুর।<br>৬। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান।<br>৭। সংশ্লিষ্ট ব্যক্তি/প্রতিষ্ঠান। |

| | | | |
|---|---|---|---|
| ২.৯ | বিবিধ: সভাপতি নব নির্বাচিত ইউনিয়ন পরিষদ, চেয়ারম্যানদের উদ্দ্যেশে বলেন অত্র উপজেলার শান্তি, শৃংখলা, উন্নয়ন বজায় রাখতে সকলের সহযোগিতা প্রয়োজন এনং উপজেলা প্রশাসনের সাথে এক হয়ে কাজ করার আহবান জানান। তিনি আরও বলেন, উপজেলার সার্বিক উন্নয়ন ও অগ্রগতিতে ইউপি চেয়ারম্যানদের গুরুত্ব অপরিসীম। | অত্র উপজেলার শান্তি, শৃংখলা, উন্নয়ন বজায় রাখতে সকলের সহযোগিতা বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১। অফিসার ইন-চার্জ, বোয়ালমারী।<br>০২। আইন-শৃংখলা কমিটির অন্যান্য সকল সদস্য।<br>০৩। চেয়ারম্যা, ইউনিয়ন পরিষদ (সকল)।<br>০৪। সকল কর্মকর্তা, কর্মচারী, জনপ্রতিনিধি। |

অত:পর সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ রেজাউল করিম)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
মাসিক আইন-শৃংখলা কমিটি
বোয়ালমারী, ফরিদপুর।

স্মারক নং-০৫.১২.২৯১৮.০০১.০১৭.২১- ৪৩/১ তারিখ : ২৭/০১/২০২২ খ্রি.

**অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণা করা হলো।**

০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ফরিদপুর-১।
০২। বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, ফরিদপুর।
০৩। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ফরিদপুর।
০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোয়ালমারী, পরিদপুর।
০৫। উপজেলা............................................................ অফিসার, বোয়ালমারী, ফরিদপুর।
০৬। জনাব ............................................................. বোয়ালমারী, ফরিদপুর।

উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
মাসিক আইন-শৃংখলা কমিটি
বোয়ালমারী, ফরিদপুর।